



জ্বালানি তেলের দাম বাড়ানোর সিদ্ধান্ত প্রত্যাহার করতে হবে: নাহিদ



নাহিদ ইসলাম।

জ্বালানি তেলের দাম বাড়ানোর সিদ্ধান্ত দ্রুত প্রত্যাহারের দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

সোমবার (২১ সেপ্টেম্বর) সন্ধ্যায় নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি বলেন, সরকারের অদক্ষতা ও অব্যবস্থাপনার বোঝা সাধারণ মানুষের ওপর চাপানো হচ্ছে। ক্ষমতায় আসার কয়েক মাসের মধ্যেই তৃতীয়বার জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

নাহিদ বলেন, আন্তর্জাতিক বাজারে তেলের দাম, মধ্যপ্রাচ্যের যুদ্ধ ও পরিবহন ব্যয়সহ বিভিন্ন কারণ দেখিয়ে সরকার দাম বাড়ানোর ব্যাখ্যা দিয়েছে। বিপিসি লোকসানে রয়েছে—এমন যুক্তিও দেওয়া হচ্ছে। তবে আন্তর্জাতিক বাজারে দীর্ঘ সময় দাম কম থাকাকালে বিপিসির হাজার হাজার কোটি টাকা মুনাফার হিসাব কোথায়, সেই প্রশ্ন তোলেন তিনি।

জ্বালানি তেল আমদানিতে ৩২ শতাংশ পর্যন্ত কর ও শুল্ক আদায় করা হয় উল্লেখ করে নাহিদ বলেন, সংকটের সময়ে এসব কর-শুল্ক সাময়িকভাবে কমানোর উদ্যোগ নেওয়া হয়নি কেন। একই সঙ্গে জ্বালানির দাম বাড়িয়ে বছরে প্রায় ১০ হাজার কোটি টাকা শাস্রয়ের পরিকল্পনার সঙ্গে নতুন পে স্কেলের জন্য চলতি অর্থবছরে অতিরিক্ত ৪৪ হাজার কোটি টাকা বরাদ্দের বিষয়টিও তুলে ধরেন তিনি।

সরকারি প্রেস বিজ্ঞপ্তিতে জ্বালানি তেল ভারতে পাচার ঠেকানোকে দাম বাড়ানোর একটি কারণ হিসেবে উল্লেখ করার সমালোচনা করেন নাহিদ। তার প্রশ্ন, সীমাস্ত ও আইনশৃঙ্খলা ব্যবস্থার ব্যর্থতার দায় সাধারণ মানুষকে কেন নিতে হবে।

নাহিদ ইসলামের অভিযোগ, সংকট মোকাবিলায় বিকল্প ব্যবস্থা না নিয়ে বারবার জ্বালানির দাম বাড়িয়ে জনগণের ওপর চাপ তৈরি করা হচ্ছে। তিনি অবিলম্বে মূল্যবৃদ্ধি প্রত্যাহার এবং সরকারি ব্যয় পুনর্বিন্যাস করে জনগণের ওপর নতুন বোঝা না চাপানোর দাবি জানান।